দৈনিক
আমাদের সময়

তারিখ 07 JUN 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

### রাবি অধ্যাপক রেজাউল হত্যা

# শিক্ষক সমিতির ফের আন্দোলন

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী •
রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও বিচারের দাবিতে ফের মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শাহ্ আজম বলেন, আমরা হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও জড়িতদের দ্রুত বিচারের আওতায় আনার দাবি জানাচ্ছি। স্বরাষ্ট্রমন্ত্রীর আমাদের আশ্বাস দেওয়ায় আমরা আন্দোলন স্থগিত করেছিলাম, কিন্তু আশ্বাস যদি শুধু আশ্বাসেই সীমাবদ্ধ থাকে, তাহলে আমাদের আন্দোলন আরও কঠোর হবে।

এর আগে গত ১৪ মে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জমান খাঁন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বিশ্ববিদ্যালয়ে এসে দ্রুত বিচারের আশ্বাস দেন। মন্ত্রীদের আশ্বাসে ১৭ মে চলমান আন্দোলন স্থগিত করে শিক্ষক সমিতি। তবে গ্রীষ্মকালীন ছুটি শেষ হওয়ার পরও ঘটনার উল্লেখযোগ্য অগ্রগতি না হওয়ায় আন্দোলনে ফিরেছেন শিক্ষকরা।

সমিতির সভাপতি অধ্যাপক শহীদুল্লাহ বলেন, মামলার অগ্রগতিতে আমরা পুরোপুরি সন্তুষ্ট হতে পারছি না। তাই সুষ্ঠু বিচার না হওয়া পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।